

একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd



নথি নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৯.৯০


তারিখ: ০৪ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ
১৭ এপ্রিল ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : এনটিআরসিএ'র ৩য় নিয়োগ বিজ্ঞপ্তির আওতায় নিয়োগ সুপারিশকৃতদের মধ্যে ৩৫ বছরের উর্ধ্ব বয়সী শিক্ষকদের এমপিওভুক্তিকরণ সংক্রান্ত।

সূত্র: এনটিআরসিএ'র স্মারক নং-৩৭.০৫.০০০০.০১১.০১.০০১.২১.৭৮, তারিখ: ২১.০৩.২০২২খ্রি।

উপর্যুক্ত সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে অবহিত করা যাচ্ছে যে, মাননীয় উচ্চ আদালতে দায়েরকৃত বিভিন্ন রীট পিটিশনের প্রদত্ত আদেশের প্রেক্ষিতে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক ৩০/০৩/২০২১ তারিখে জারীকৃত ৩য় গণবিজ্ঞপ্তিতে ৪নং অনুচ্ছেদে “মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে ৩৯০০/২০১৯ নং- মামলার রায় অনুযায়ী ১২/০৬/২০১৮ তারিখের পূর্বে যারা শিক্ষক নিবন্ধন সনদ লাভ করেছেন তাদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য” শর্ত যুক্ত করা হয়।

- ২.০ এ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে প্রয়োজ্য প্রার্থীগণ আবেদন করেন এবং নিয়োগ সুপারিশপ্রাপ্ত হয়েছেন;
- ৩.০ এনটিআরসিএ'র ৩য় নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে সুপারিশপ্রাপ্ত শিক্ষকগণের মধ্যে যারা ১২/০৬/২০১৮ তারিখের পূর্বে শিক্ষক নিবন্ধন সনদ প্রাপ্ত হয়েছেন তাদের এমপিও প্রাপ্তির ক্ষেত্রে বয়সসীমা প্রয়োজ্য হবে না;
- ৪.০ এই আদেশ অন্য কোনো ক্ষেত্রে নজির হিসেবে গণ্য করা যাবে না;
- ৫.০ বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(সৌনা মনি চাকমা)
উপসচিব

ফোন: ৯৫৪০৫১৭

ই-মেইল: ds.mpo@moedu.gov.bd


মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৩. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২/কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী, ঢাকা।
৫. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা।
৬. বিভাগীয় কমিশনার,----- (সকল)।
৭. জেলা প্রশাসক,----- (সকল)।
৮. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,----- (সকল)।

৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, সচিবালয়, ঢাকা।
১০. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, সচিবালয়, ঢাকা।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল,----- (সকল)।
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪. উপজেলা নির্বাহী অফিসার,----- (সকল)।
১৫. জেলা শিক্ষা অফিসার, ----- (সকল)।
১৬. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, ----- (সকল)।
১৭. অফিস কপি।


(সোনা মনি চাকমা)
উপসচিব